# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০০

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৩: মহিলাদের মাথা মাসাহ করা

## بَاب مَسْحِ الْمَرْأَةِ رَأْسَهَا

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ حُرَيْثٍ، قال: حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، عَنْ جُعَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قال: أَخْبَرَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ مَرْوَانَ بْنِ الْحَارِثِ بْنِ أَبِي ذُبَابٍ، قال: أَخْبَرَنِي أَبُو عَبْدِ اللَّهِ سَالِمٌ سَبَلَانُ، قال: وَكَانَتْ عَائِشَةُ تَسْتَعْجِبُ بِأَمَانَتِهِ وَتَسْتَأْجِرُهُ، فَأَرَتْنِي كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّأُ فَتَمَضْمَضَتْ وَاسْتَنْثَرَتْ ثَلَاثًا، وَغَسَلَتْ وَجْهَهَا ثَلَاثًا، ثُمَّ غَسَلَتْ يَدَهَا الْيُمْنَى ثَلَاثًا وَالْيُسْرَى ثَلَاثًا، وَوَضَعَتْ يَدَهَا فِي مُقَدَّمِ رَأْسِهَا ثُمَّ مَسَحَتْ رَأْسَهَا مَسْحَةً وَاحِدَةً إِلَى مُؤَخِّرِهِ، ثُمَّ أَمَرَّتْ يَدَيْهَا بِأُذُنَيْهَا، ثُمَّ مَرَّتْ عَلَى الْخَدَّيْنِ . قَالَ سَالِمٌ: كُنْتُ آتِيهَا مُكَاتَبًا مَا تَخْتَفِي مِنِّي فَتَجْلِسُ بَيْنَ يَدَيَّ وَتَتَحَدَّثُ مَعِي حَتَّى جِئْتُهَا ذَاتَ يَوْمٍ، فَقُلْتُ: ادْعِي لِي بِالْبَرَكَةِ يَا أُمَّ الْمُؤْمِنِينَ، قَالَتْ: وَمَا ذَاكَ ؟ قُلْتُ: أَعْتَقَنِي اللَّهُ، قَالَتْ: بَارَكَ اللَّهُ لَكَ، وَأَرْخَتِ الْحِجَابَ دُونِي فَلَمْ أَرَهَا بَعْدَ ذَلِكَ الْيَوْمِ.

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٦٠٩٣) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 100 - صحيح الإسناد

বাংলা

১০০. হুসায়ন ইবনু হুরয়স (রহ.) ..... আবূ আবদুল্লাহ সালিম সাবালান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, “আয়িশাহ্ (রাঃ) তার আমানাতদারীতে খুব মুগ্ধ ছিলেন এবং তাঁকে অর্থের বিনিময়ে কাজে নিযুক্ত করতেন। সালিম বলেন, “আয়িশাহ্ (রাঃ) আমাকে রাসূলুল্লাহ (সা.) - কিভাবে উযূ করতেন তা দেখান। তারপর তিনি

তিনবার কুলি করেন ও নাক পরিষ্কার করেন। তিনবার মুখমণ্ডল ধৌত করেন। তিনবার করে ডান ও বাম হাত ধৌত করেন এবং হাত মাথার সামনের দিকে রাখেন ও মাথার পেছন পর্যন্ত একবার মাসাহ করেন। পরে তিনি উভয় কান মাসাহ করেন। তারপর চেহারায় হাত বুলান। সালিম বলেন, আমি যখন মুকাতাব ছিলাম তখন তার কাছে আসা-যাওয়া করতাম। তিনি তখন আমার থেকে পর্দা করতেন না। তিনি আমার সামনে বসতেন এবং আমার সঙ্গে কথাবার্তা বলতেন। একদিন আমি তার কাছে এলাম এবং বললাম, হে উম্মুল মু'মিনীন! আপনি আমার জন্যে বরকতের দুআ করুন। তিনি বললেন, কিসের দু'আ করব? বললাম, আল্লাহ আমাকে মুক্ত করে দিয়েছেন। তিনি বললেন, আল্লাহ তোমাকে বরকত দিন। (এ কথা বলে) তিনি আমার সামনে পর্দা ফেলে দিলেন। এরপর আমি তাকে কোন দিন দেখিনি।

## English

83. Women Wiping Their Heads

Abu 'Abdullah Salim Sabalan said: 'Aishah liked my honesty and hired me, and she showed me how the Messenger of Allah (ﷺ) used to perform Wudu'. She rinsed her mouth, sniffed water into her nose and blew it out three times, and washed her face three times. Then she washed her right hand three times and her left hand three times. Then she put her hand on the front of her head and wiped her head once, front to back. Then she rubbed her ears with her hands, then she passed her hands over her cheeks. Salim said: I came to her as a slave with a contract of manumission, and she did not hide herself from me. She would sit before me and talk to me, until I came to her one day and said: 'Pray for blessing for me, O Mother of Believers.' She said: 'Why is that?' I said: 'Allah has set me free.' She said: 'May Allah bless you.' Then she lowered the Hijab before me, and I never saw her again after that day.

### ফুটনোট

সহীহ: নাসায়ী'র "সুনানুল কুবরা" ১০৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ আবদুল্লাহ সালিম সাবালান (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86371

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন